



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
(তথ্য প্রদান ইউনিট)
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৯৯.২৭.০০৮.২০১৮(অংশ-২)- ৬৩

তারিখ: ০৭-০২-২০২৩খ্রিঃ।

বিষয়ঃ জনাব মো: মমিনুর সরকার, গ্রাম: দামোদরপুর, পো: বুড়িরহাট, উপজেলা: তারাগঞ্জ, জেলা: রংপুর এর ১৮-০১-২০২৩ তারিখের
আপীল আবেদন সংক্রান্ত।


উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জনাব মো: মমিনুর সরকার তথ্য প্রদানের জন্য তথ্য প্রদান ইউনিটে স্বাক্ষর ও তারিখ বিহীন
একটি আবেদন করেন, যা তথ্য প্রদান ইউনিটে ০২-১১-২০২২ তারিখে পাওয়া যায় (কপি সংযুক্ত)। আবেদনে চাহিত তথ্যাদি ছিলো নিম্নরূপ:

“ ৩০শে জুন ২০১৯ ও ৩০শে জুন ২০২০ অর্থ বছরে নিরপেক্ষ নিরীক্ষকের প্রতিবেদন অনুযায়ী নিরীক্ষা মতামতে প্রয়োজনীয় ব্যবস্থা
গ্রহণের জন্য উপস্থাপন করা হয়েছে। এ প্রসংগে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ব্যবস্থা পত্র ও ফেরতযোগ্য টাকা ফেরতের চালানের কপি
পেতে চাই? (তারাগঞ্জ উপজেলার ৫টি ইউনিয়ন পরিষদের)।”

উক্ত আবেদনে আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ না থাকায় আবেদনটি গ্রহণ না করে নথিভুক্ত করা হয়েছে এবং এর উপর আপীল আবেদন
করারও কোন সুযোগ নেই।

২। এমতাবস্থায়, যেহেতু ইতোপূর্বে প্রেরিত আবেদনকারীর স্বাক্ষর ও তারিখ বিহীন আবেদনপত্র তথ্য প্রদান ইউনিটে গৃহীত হয়নি, সেহেতু
একই বিষয়ের উপর আপীল আবেদন করারও কোন সুযোগ নেই মর্মে আবেদনকারীকে অবহিত করা হলো। একই সাথে তথ্যের স্পষ্ট বর্ণনা
দিয়ে তথ্য প্রাপ্তির আবেদন করার জন্য আবেদনকারীকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

 ০৭/০২/২৩

মাসুরা বেগম
উপসচিব

ও

দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা
তথ্য প্রদান ইউনিট
স্থানীয় সরকার বিভাগ

ইমেইলঃ mon1@lgd.gov.bd

জনাব মো: মমিনুর সরকার

গ্রাম: দামোদরপুর, পো: বুড়িরহাট

উপজেলা: তারাগঞ্জ, জেলা: রংপুর।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সচিব, তথ্য কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
- ২। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।